**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 29-05-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা নির্বাচনের **সপ্তম তথা চূড়ান্ত দফার** ভোটের প্রচার শেষ হতে আর মাত্র একদিন বাকি। জমে উঠেছে শেষ লগ্নের প্রচার। # প্রধানমন্ত্রী আজ'ও কাকদ্বীপে এক জনসভায় যোগ দেবেন।

২/ ভোটের মুখে সুন্দরবন পুলিশ জেলার সুপার, মিনাখার SDPO ও রহড়া থানার আই সি-কে সরিয়ে দিল নির্বাচন কমিশন।

৩/ বাংলাদেশী সাংসদ কলকাতায় এসে নিখোঁজ হবার ঘটনায় CID বেশ কিছু গুরুত্বপূর্ণ সূত্র পেয়েছে।

৪/ ঘূর্ণিঝড় রেমাল দুর্বল হয়ে পড়লেও, এর প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস।

৫/ বৃষ্টিতে জমে থাকা জলে কাজ করার সময় কলকাতার ইন্ডিয়ান মেরিটাইম ইউনিভার্সিটি চত্বরে ২'জনের মৃত্যু ।

*****************************************************************

লোকসভা নির্বাচনের **সপ্তম তথা চূড়ান্ত দফার** ভোট গ্রহণের জন্য প্রচার শেষ হতে বাকি আর মাত্র একদিন। এই পর্বে আগামী শনিবার **পয়লা জুন পশ্চিমবঙ্গের ৯'টি সহ মোট ৫৭টি আসনে ভোট** নেওয়া হবে। রাজ্যের আসনগুলি হল- দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ।

একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও ওইদিনই ভোট গ্রহণ।

অন্যতম গুরুত্বপূর্ণ কলকাতা দক্ষিণ কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশান সেলের একটি প্রতিবেদন-

( প্রোফাইল- কলকাতা দক্ষিণ)

এদিকে, শেষ লগ্নে প্রচার পর্ব এখন তুঙ্গে। শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ'ও পশ্চিমবঙ্গে প্রচার কর্মসূচী রয়েছে। রাজভবনে রাত্রিবাসের পর তিনি আজ সকালে কাকদ্বীপ স্টেডিয়ামে মথুরাপুর লোকসভা কেন্দ্রের প্রার্থীর সমর্থনে এক জনসভা করবেন।

গতকাল শ্রী মোদী অশোকনগর ও বারুইপুরে দুটি জনসভা করেন। এছাড়াও শ্যামবাজার থেকে সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বসতবাড়ি পর্যন্ত এক রোড শো-এও যোগ দেন তিনি। কলকাতায় প্রথম প্রধানমন্ত্রীর এই রোড শো-কে ঘিরে উদ্দীপনা ছিল তুঙ্গে। বাগবাজারে মা-এর বাড়িতেও তিনি শ্রদ্ধা জানান। তবে যান চলাচল নিয়ন্ত্রণের জন্য দুর্ভোগে পড়েন সাধারণ মানুষ।

বারাসাত ও বসিরহাটের প্রার্থীদের সমর্থনে অশোকনগরের জনসভায় প্রধানমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গের মতুয়া সম্প্রদায়ের মানুষদের CAA-র আওতায় নাগরিকত্ব দেওয়া হচ্ছে। কেউ তাঁদের অধিকার কেড়ে নিতে পারবে না। তৃণমূল কংগ্রেস ভোট ব্যাঙ্কের স্বার্থে কাজ করছে বলে তাঁর অভিযোগ।

(বাইট- PM মতুয়া)

এরপর  যাদবপুর ও কলকাতা দক্ষিণের প্রার্থীদের হয়ে বারুইপুরের জনসভাতেও প্রধানমন্ত্রী, তাঁর সরকারের বিভিন্ন সাফল্যের খতিয়ান তুলে ধরার পাশাপাশি রাজ্য সরকারের তীব্র সমালোচনা করেন।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বেহালায় এক জনসভায় কেন্দ্রের সমালোচনা করেন। প্রধানমন্ত্রী রাজনৈতিক স্বার্থে কাজ করছেন বলেও মুখ্যমন্ত্রীর অভিযোগ।

(বাইট- মমতা বেহালা)

এর আগে তিনি বিরাটি এবং এন্টালি থেকে পার্ক সার্কাস পর্যন্ত দুটি পদযাত্রায় সামিল হন।

এদিকে, বাম ও কংগ্রেস প্রার্থীরাও শেষ মুহূর্তের প্রচার চালিয়ে যাচ্ছেন। CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ সাতগাছিয়ায় এক রোড শো এবং সাতগাছিয়া, মেটিয়াবুরুজ ও সন্তোষপুরে জনসভা করবেন। কলকাতা উত্তরের বাম সমর্থিক কংগ্রেস প্রার্থীর সমর্থনে আজ বিকেলে এন্টালি মার্কেটে এক সমাবেশের'ও আয়োজন করা হয়েছে।

ISF বিধায়ক নৌশাদ সিদ্দিকি আজ দক্ষিণ ২৪ পরগণার ৬'টি জায়গায় জনসভায় যোগ দেবেন।

*******************

ভোটের মুখে সুন্দরবন পুলিশ জেলার সুপার কোটেশ্বর রাও নালাওয়াত এবং বসিরহাট পুলিশ জেলার মিনাখাঁর SDPO আমিনুল ইসলাম খানকে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

এর পাশাপাশি রহড়া থানার আই সি দেবাশিস সরকারকেও সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। নতুন IC নিযুক্ত হয়েছেন ঋগবেদ সাহা।

পরিবর্ত এসপি ও SDPO হিসেবে তিনজন যোগ্য অফিসারের নাম, কমিশনের কাছে পাঠানোর নির্দেশও দেওয়া হয়।

*******************

ভোট চলাকালীন সংবাদমাধ্যমের উপর হামলা নিয়ে রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকাকে ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দিল রাষ্ট্রপতির সচিবালয়। রাষ্ট্রপতির সচিবালয়ের আন্ডার সেক্রেটারি পিসি মীনা গতকাল মুখ্যসচিবকে অভিযোগের কপি পাঠিয়ে তা নিয়ে ব্যবস্থা গ্রহণ করতে বলেন। অভিযোগের বিষয়ে কি কি ব্যবস্থা নেওয়া হল তা সরাসরি অভিযোগকারীকে জানানোর জন্যও চিঠিতে বলা হয়েছে।

উল্লেখ্য, ভোট চলাকালীন রাজ্যের বিভিন্ন জায়গায় আক্রান্ত হচ্ছে সংবাদ মাধ্যম। ভোটের দিন বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের অধীন মন্তেশ্বর থানা এলাকায় গণ্ডগোলের খবর পেয়ে সাংবাদিকরা সেখানে পৌঁছালে তাদের উপর হামলা চালানো হয়। বেশ কয়েকজন সাংবাদিককে মারধর ও গালিগালাজ করা হয়। এক মহিলা সাংবাদিক রক্তাক্ত হন। সাংবাদিকদের গাড়িতে ভাঙচুর চালানো হয়। সেদিনই রায়না বিধানসভা

এলাকায় চকচন্দনে খবর সংগ্রহ করতে গিয়ে হুমকির মুখে পড়েন কয়েকজন সাংবাদিক। এছাড়াও বর্ধমান শহরে সাংবাদিকদের বাইকে তল্লাশি চালানোর ঘটনাও ঘটেছে ভোট চলাকালীন। পেশাগত দায়িত্ব সামলাতে গিয়ে হামলার ঘটনা বৃদ্ধিতে উদ্বেগ বাড়ে সাংবাদিক মহলে। এনিয়ে রাষ্ট্রপতির দপ্তরে ই-মেইল করে অভিযোগ জানানো হয়।

*******************

ভোটকর্মীদের যাতায়াতের সুবিধায়, আগামী শনিবার শিয়ালদা ডিভিশনের দক্ষিণ শাখায় রাতে বিশেষ EMU লোকাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে পূর্ব রেল। দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিকের অনুরোধে, ভোটকর্মীদের যাতায়াতের সুবিধার জন্য এই সিদ্ধান্ত। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন- পয়লা জুন শনিবার নামখানা–শিয়ালদা স্পেশাল ট্রেনটি রাত ১১-টা ৪৫-এ নামখানা থেকে ছেড়ে শিয়ালদা পৌঁছবে রাত ২-টো ২০ নাগাদ।

ডায়মন্ডহারবার থেকে ডায়মন্ড হারবার-শিয়ালদা স্পেশাল এবং ক্যানিং থেকে ক্যানিং–শিয়ালদা স্পেশাল ছাড়বে ওই দিন রাত ১-টায় ।

এছাড়াও বজবজ–শিয়ালদা EMU লোকাল, বজবজ থেকে শনিবার রাত ১২-টা ৫-এর পরিবর্তে ছাড়বে রাত সাড়ে বারোটায়।

*******************

কলকাতায় এসে বাংলাদেশী সাংসদ আনোয়ারুল আজিমের নিখোঁজ হবার ঘটনায় তদন্তকারী সংস্থা-CID কিছু সূত্র পেয়েছে। নিউটাউনের যে আবাসনে ওই সাংসদ ছিলেন, তার সেপটিক ট্যাঙ্কে গতকাল তল্লাশি চালানোর সময় মাংস, হাড় ও চুল পাওয়া গেছে। সেগুলি তাঁরই কিনা, তা' ফরেন্সিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। আনোয়ারুলের মেয়ে শীঘ্রই কলকাতা আসতে পারেন। তাঁর DNA পরীক্ষার পর উদ্ধার হওয়া এই দেহাংশের সঙ্গে মিলিয়ে দেখা হবে।

উল্লেখ্য, সাংসদ আনোয়ারুল আজিমের মৃতদেহ এখনো পাওয়া যায়নি। তবে তাঁকে খুন করা হয়েছে বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। CID এই ঘটনায় জিহাদ হাওলাদার নামে এক কসাইকে গ্রেপ্তার করেছে। তাকে জেরা করে জানা গেছে, নিউটাউনের ওই

আবাসনের ফ্ল্যাটে সাংসদকে খুনের পর চামড়া ছাড়িয়ে হাড় ও মাংস আলাদা করে টুকরো করা হয়।

এই ঘটনায় ঢাকায় ধৃত আরেক অভিযুক্ত আমানুল্লাকে'ও ভিডিও কলে জেরা করা হয়েছে। তবে ঘটনার মূল চক্রী আখতারুজ্জামান ওরফে শাহীন এখনো পলাতক। মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক শাহীনকে ধরার জন্য বাংলাদেশ পুলিশ ইন্টারপোলের সাহায্য চেয়েছে।

******************

ঘূর্ণিঝড় রেমাল আরও দুর্বল হয়ে উত্তর-পূর্ব আসাম ও সংলগ্ন অঞ্চলের ওপর সুস্পষ্ট নিম্নচাপের রূপ নিয়েছে। এটি ক্রমশ উত্তর-পূর্ব দিকে এগোবে এবং আরও দুর্বল হয়ে পড়বে বলে মনে করা হচ্ছে। রাজ্যের ওপর এর সরাসরি কোন প্রভাব না পড়লেও, উত্তরবঙ্গে দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। দক্ষিণবঙ্গে দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, নদীয়া, মুর্শিদাবাদ ও বীরভূম জেলাতেও বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, সামুদ্রিক ঘূর্ণিঝড় রিমালের মোকাবিলায় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন সংস্থার সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেছে ভারতের তটরক্ষী বাহিনী। আকাশবাণীকে তাঁদের এই অভিজ্ঞতার কথা জানালেন বাহিনীর উত্তর-পূর্বাঞ্চলের কমান্ডার IG ইকবাল সিং চৌহান।

(বাইট – কোস্টাল কমান্ডার চৌহান)

******************

'কলকাতায় ইন্ডিয়ান মেরিটাইম ইউনিভার্সিটি' চত্বরে জমে থাকা জলে কাজ করার সময় গতকাল বিকেলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে দু'জনের মৃত্যু হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, প্রথমে তড়িদাহত হন চুক্তিভিত্তিক কর্মী সন্তোষ মন্ডল। তাঁকে বাঁচাতে গিয়ে সুপারভাইজার মনোহর রজকও বিদ্যুৎস্পৃষ্ট হন। হাসপাতালে নিয়ে নিয়ে যাওয়া হলে দুজনকেই মৃত ঘোষণা করেন চিকিৎসকরা।

*************************************************************************